



মক্কার মসজিদে অনৈতিক কাজের অভিযোগে দুই বাংলাদেশির মৃত্যুদণ্ড কার্যকর



ছবি: সংগৃহীত

সৌদি আরবের পবিত্র মক্কার একটি মসজিদে অনৈতিক কাজ এবং মসজিদের পবিত্রতা ও মর্যাদা লঙ্ঘনের অভিযোগে মৃত্যুদণ্ড কার্যকর হওয়া দুই বাংলাদেশির নাম প্রকাশ করেছে দেশটির কর্তৃপক্ষ। তাঁরা হলেন নজরুল ইসলাম আবদুল বশির ও সিত্তি আক্তার।

বুধবার (১৪ অক্টোবর) মক্কা অঞ্চলে তাঁদের মৃত্যুদণ্ড কার্যকর করা হয়। সৌদি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতির বরাতে দেশটির সংবাদমাধ্যম আজেল নিউজ এ তথ্য জানিয়েছে।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, মসজিদের ভেতরে অনৈতিক কাজে জড়িত থাকার অভিযোগে নিরাপত্তা বাহিনী তাঁদের আটক করে। তদন্ত শেষে তাঁদের বিরুদ্ধে আদালতে অভিযোগ আনা হয়। বিচারিক প্রক্রিয়া শেষে আদালত তাঁদের মৃত্যুদণ্ডের রায় দেন।

বিবৃতিতে আরও বলা হয়, অপরাধ প্রমাণিত হওয়া এবং পবিত্র স্থান ও সময়ের মর্যাদা বিবেচনায় নিয়ে এ রায় দেওয়া হয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনে রায় চূড়ান্ত হওয়ার পর তা কার্যকর করা হয়।

পবিত্র স্থান ও মসজিদের নিরাপত্তা এবং মর্যাদা রক্ষা, ন্যায়বিচার প্রতিষ্ঠা ও ইসলামি আইন বাস্তবায়নে সৌদি সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে বিবৃতিতে উল্লেখ করা হয়। একই সঙ্গে পবিত্র স্থানের মর্যাদা ক্ষুণ্ণ করা বা সেখানে অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার কথাও জানানো হয়েছে।